



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ-১২২৭

তারিখ : ১৪-০৬-২০২৬ খ্রি:

২০২৬ সালের এসএসসি পরীক্ষায় ধারাবাহিক মূল্যায়ন, নম্বর ও ব্যবহারিক পরীক্ষার নম্বর ওয়েবসাইটে এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ধারাবাহিক মূল্যায়ন নম্বর প্রদানের ক্ষেত্রে ২০২৫ সাল পর্যন্ত এনসিটিবি এর পূর্বের নির্দেশনা মোতাবেক শারীরিক শিক্ষা ও স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এর নম্বর ১০০ ও ক্যারিয়ার শিক্ষা (১৫৬) এর নম্বর ৫০ প্রদানের সিদ্ধান্ত ছিলো। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, (এনসিটিবি) উক্ত বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের নম্বর প্রদান ও মান যাচাইয়ের নতুন নির্দেশনা প্রদান করেছেন।

১. ২০২৬-এর এসএসসি (নিয়মিত) পরীক্ষার্থীদের ক্ষেত্রে (শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এর ধারাবাহিক মূল্যায়নের মোট নম্বর হবে ৫০ এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের হবে হবে ৫০।
২. ২০২৬-এর এসএসসি (অনিয়মিত) পরীক্ষার্থীদের ক্ষেত্রে (শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এর ধারাবাহিক মূল্যায়নের মোট নম্বর হবে ১০০ এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের হবে ৫০।

উল্লেখিতভাবে নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, (এনসিটিবি) এর নির্দেশনা মোতাবেক আগামী ১৮-০৬-২০২৬ তারিখের মধ্যে ধারাবাহিক মূল্যায়ন নম্বর ও সকল বিষয়ের ব্যবহারিক নম্বর ওয়েবসাইটে এন্ট্রি দিয়ে সাবমিট করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-০৬-২০২৬

প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

মোবা: ০১৭৩৩-২২২০০৩

কেন্দ্র সচিব

এ বোর্ডের অধীন সকল

এসএসসি পরীক্ষা কেন্দ্র ২০২৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা বোর্ড, যশোর
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা বোর্ড, যশোর।
- ৩। অফিস নথি।